

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৪২৭

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪৭. প্রথম অনুচ্ছেদ - দু' ঈদের সালাত

بَابُ صَلَاةِ الْعِيْدَيْن

আরবী

وَعَنْ جَابِرِ بْنِ سَمُرَةَ قَالَ: صَلَّيْتُ مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْعِيدَيْنِ غَيْرَ مَرَّةٍ وَلَا مَرَّتَيْنِ بِغَيْرِ أَذَانٍ وَلَا إِقَامَة. رَوَاهُ مُسلم

বাংলা

১৪২৭-[২] জাবির ইবনু সামুরাহ্ (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, তিনি রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে দু'ঈদের সালাত (সালাত/নামায/নামাজ) একবার নয়, দু'বার নয়, আযান ও ইকামাত(ইকামত/একামত) ছাড়া (বহুবার) আদায় করেছি। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : মুসলিম ৮৮৭, আবূ দাউদ ১১৪৮, আত্ তিরমিয়ী ৫৩২, ইবনু আবী শায়বাহ্ ৫৬৫৬, আহমাদ ২০৮৪৭, সুনানুল কুবরা লিল বায়হাকী ৬১৬৭, শারহুস্ সুন্নাহ্ ১১০০, ইবনু হিব্বান ২৮১৯।

ব্যাখ্যা

ব্যাখ্যা: হাদীসটি প্রমাণ করে দু' ঈদের সালাতে আযান ও ইকামাত নেই। আর ইমাম তিরমিয়ী বলেন, নাবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর সাথী ও অন্যান্যদের হতে আহলে 'আলিমরা 'আমল করে আসছেন যে দু'ঈদে এবং কোন নফল সালাতে আযান ও ইকামাত দিতেন না। 'ইরাকীও বলেনঃ সকল 'উলামাদের 'আমল অনুরূপ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন